গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতখান, ভোলা।
(doulatkhan.bhola.gov.bd)

**মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' ২০২৪ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : পাঠান মোঃ সাইদুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা। |
| স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| তারিখ | : ১৫/০২/২০২৪ খ্রি.। |
| সময় | : দুপুর ১১:০০ টা। |

**(সভায় উপস্থিত সদস্যদের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত আছে)**

সভার শুরুতে সভাপতি ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন এবং উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৯৫২ সালে মাতৃভাষার জন্য জীবন উৎসর্গকারী সকল শহিদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপনের উদ্দেশ্যে সরকারীভাবে প্রণীত জাতীয় কর্মসূচী ও জেলা পর্যায়ে গৃহীত কর্মসূচীর আলোকে স্থানীয়ভাবে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| তারিখ ও বার | সময় | গৃহীত কর্মসূচি ও স্থান | ব্যবস্থাপনা/বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২০-০২-২০২৪ মঙ্গলবার | বিকাল ০৩.০০ ঘটিকা | চিত্রাঙ্কন, রচনা ও বক্তৃতা প্রতিযোগিতা<br>স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২১.০২.২০২৪ বুধবার | রাত ০০.০১ মিনিট | শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ<br>স্থান: দৌলতখান বাজার উত্তর মাথা শহিদ মিনার চত্বর | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সকাল ০৬.০০ মিনিট | প্রভাতফেরী<br>উপজেলা পরিষদ চত্বর হতে দৌলতখান বাজার উত্তর মাথার শহিদ মিনার পর্যন্ত। | স্ব স্ব প্রতিষ্ঠান/ অফিস প্রধান |
| | সূর্যোদয়ের সাথে সাথে | সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহে স্ব-স্ব উদ্যোগে জাতীয় পতাকা অর্ধনমিত উত্তোলন করতে হবে। পতাকা অর্ধনমিত উত্তোলনের ক্ষেত্রে সঠিক নিয়ম (বাংলাদেশ ফ্লাগ রুলস) অনুসরণ করতে হবে এবং পতাকার মাপ ও রং সঠিক হতে হবে। | স্ব স্ব প্রতিষ্ঠান/ অফিস প্রধান এবং ভবনের মালিকগণ। |
| | সকাল ১০:০০ ঘটিকা | অমর একুশে ফেব্রুয়ারী শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং ভাষা শহিদদের স্মরণে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী<br>স্থান: দৌলতখান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় হলরুম, দৌলতখান, ভোলা। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | মসজিদে যোহরের নামাজের পরে ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধামত সময়ে | সকল মসজিদ, মন্দির এবং অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে শহিদদের রুহের মাগফিরাত/ শান্তি কামনা করে বিশেষ প্রার্থনা অনুষ্ঠান | স্ব স্ব মসজিদ/ মন্দির এর সভাপতি ও ঈমাম/ পুরোহিত। |
| | সূর্যাস্তের সাথে সাথে | জাতীয় পতাকা নামানো। | স্ব স্ব প্রতিষ্ঠান/অফিস প্রধান এবং ভবনের মালিকগণ। |

উক্ত কর্মসূচি সুষ্ঠু ও যথাযথভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে সভায় নিম্নবর্ণিত কমিটি/উপ-কমিটিসমূহ গঠন করা হয়

**(ক) <u>পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটি :</u> (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১) মেয়র, দৌলতখান পৌরসভা, দৌলতখান, ভোলা। = আহবায়ক
০২) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা। = সদস্য
০৩) অফিসার ইনচার্জ, দৌলতখান থানা, দৌলতখান, ভোলা। = সদস্য

**(খ) চিত্রাঙ্কন ও রচনা ও বক্তৃতা প্রতিযোগিতা পরিচালনা উপ-কমিটি :** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১) উপজেলা কৃষি অফিসার, দৌলতখান, ভোলা। = আহবায়ক
০২) উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দৌলতখান, ভোলা। = সদস্য
০৩) উপজেলা একাডেমিক সুপারভাইজার, দৌলতখান, ভোলা। = সদস্য
০৪) জনাব মো. নজরুল ইসলাম, উপজেলা সহকারী শিক্ষা অফিসার, দৌলতখান, ভোলা। = সদস্য

**(গ) আলোচনা সভা পরিচালনা উপ-কমিটি :** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১) সহকারী কমিশনার (ভূমি), দৌলতখান, ভোলা। = আহবায়ক
০২) উপজেলা একাডেমিক সুপারভাইজার, দৌলতখান, ভোলা। = সদস্য
০৩) জনাব শাখাওয়াত হোসেন (সোহাগ), সিনিয়র শিক্ষক, দৌলতখান সরকারি উচ্চ বিদ্যালয়, দৌলতখান, ভোলা। = সদস্য
০৪) জনাব শফিকুর রহমান (ডাবলু), সাধারন সম্পাদক, উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি, দৌলতখান, ভোলা। = সদস্য

**(ঘ) সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা উপ-কমিটি :** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১) সাধারণ সম্পাদক, উপজেলা শিল্পকলা একাডেমি, দৌলতখান, ভোলা। = আহবায়ক
০২) জনাব নুসরাত সুলতানা, সিনিয়র শিক্ষক, দৌলতখান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, দৌলতখান, ভোলা। = সদস্য
০৩) জনাব বাদল প্রসাদ ঘোষ, সঙ্গীত শিক্ষক, দৌলতখান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, দৌলতখান, ভোলা। = সদস্য
০৪) আমেনা ফাহিম, সহকারি শিক্ষক, দৌলতখান মডেল সঃপ্রাঃ বিঃ, দৌলতখান, ভোলা। = সদস্য

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়নে সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০২/২৪

(পাঠান মোঃ সাইদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতখান, ভোলা।
☏ +৮৮০২৪৭৮৮৯৬৩২০
E-mail: unodaulatkhan@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.০৯২৯.০০০.২৩.০০৪.২১.১২০

তারিখ: ০২ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ / ১৫ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। জেলা প্রশাসক, ভোলা।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।
০৩। মেয়র, দৌলতখান পৌরসভা, দৌলতখান, ভোলা। (তাঁকে ২০/০২/২০২৪ খ্রি: তারিখ বিকালের মধ্যে শহীদ মিনার পরিষ্কার-পরিচ্ছন্ন, রং, আলোকসজ্জাসহ প্রয়োজনীয় সংস্কার করার জন্য অনুরোধ করা হলো)
০৪। অফিসার ইনচার্জ, দৌলতখান থানা। (তাঁকে গৃহীত কর্মসূচির আলোকে পুষ্পমাল্য অর্পণ করার সময় শহিদ মিনার চত্বরে এবং প্রভাতফেরিতে সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষায় পর্যাপ্ত পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো ও জাতীয় পতাকা সঠিকভাবে উত্তোলনের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)
০৫। উপজেলা ................................ কর্মকর্তা, দৌলতখান, ভোলা। (তাঁর অধিনস্ত সকল কর্মকর্তা ও কর্মচারীসহ শহিদ মিনারে পুষ্পমাল্য অর্পণ অনুষ্ঠানে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য ২০/০২/২০২৪ খ্রি. তারিখ রাত ১১:৩০ টায় শহিদ মিনার চত্বরে থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। এছাড়া তাঁর দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রভাতফেরিসহ সকল অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করার জন্যেও অনুরোধ করা হলো)
০৬। চেয়ারম্যান, ................................................... ইউনিয়ন পরিষদ (সকল), দৌলতখান, ভোলা । (তাঁর ইউনিয়নে যথাযথ মর্যাদায় দিবসটি পালনের জন্য অনুরোধ করা হলো।)
০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার, দৌলতখান, ভোলা। (তাঁর আওতাধীন দৌলতখান পৌর এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের শহিদ মিনারে পুষ্পমাল্য অর্পণ অনুষ্ঠানে উপস্থিত থাকার নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো। এছাড়া পৌর এলাকার বাহিরের প্রতিষ্ঠান প্রধানদের স্ব-স্ব প্রতিষ্ঠানে প্রভাতফেরিসহ আলোচনা সভার আয়োজন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)
০৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক ....................................দৌলতখান, ভোলা। (তাঁকে তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদেরকে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করাসহ সকল অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)
০৯। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব/রিপোর্টার্স ইউনিটি, দৌলতখান।
১০। জনাব.........................................................দৌলতখান, ভোলা।

২৫/০২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
দৌলতখান, ভোলা।